# Sanatan Dharma

**সরস্বতী পুজোর দিন এই কাজ ভুলেও নয়**

## সরস্বতী পুজোর দিন এই কাজ ভুলেও নয়, অন্যথায় ভুগতে হতে পারে অবসাদে

সরস্বতী পুজো বা বসন্ত পঞ্চমী এই উত্সব প্রতি বছর মাঘ মাসের শুক্লপক্ষের পঞ্চমী তিথিতে পালিত হয়। তবে এই বছর তা অনুষ্ঠিত হচ্ছে ফাল্গুন মাসে। সঠিক নিয়ম মেনে এই দিন দেবী সরস্বতীর পুজো করলে একজন ব্যক্তি জ্ঞান ও বুদ্ধি লাভ করেন। মায়ের পুজোর আগে তাই প্রতিটি শিক্ষার্থীর এই বিষয়গুলি জেনে রাখা প্রয়োজন। পুজোর সময় মায়ের অঞ্জলি দানের মাধ্যমে মায়ের আশীর্বাদ বা কৃপাদৃষ্টি পেতে শিক্ষার্থীদের অবশ্যই এই বিষয়ে অবগত থাকা উচিৎ। অন্যথায় ফল হতে পারে উল্টো।

1.শাস্ত্র অনুসারে এমন কিছু কাজ রয়েছে যা বসন্ত পঞ্চমীতে করা নিষেধ। আসুন জেনে নেওয়া যাক বসন্ত পঞ্চমীর দিন সেই নিষিদ্ধ কাজগুলি সম্পর্কে।
2.মা সরস্বতীর হলুদ রঙ বেশি পছন্দ। এই দিনে কোনও কালো পোশাক নয় বরং বসন্ত পঞ্চমীতে হলুদ রঙের পোশাক পরলে মা সন্তুষ্ট হন।

3.এই দিন কোনও গাছ কাটা উচিত নয়। ভুল করেও এই দিনে দিনও গাছ কাটার মত ভুল কাজ করবেন না। কারণ বসন্তের আগমনে বসন্ত পঞ্চমী আসে এবং এই দিনটিতে বসন্তের সুন্দর এবং নতুন পরিবেশে পুরোপুরি প্রকৃতির সেজে ওঠে।

4.এই দিনে স্নান না করে কোনও খাবার গ্রহণ করা উচিত নয়। ধর্মতত্ত্ব অনুসারে বসন্ত পঞ্চমীর দিন স্নান করে তবেই প্রথম মায়ের প্রসাদ গ্রহণ করে দিন শুরু করা উচিৎ।

5.এই দিনে জ্ঞান, শিল্প ও সংগীতের দেবী দেবী সরস্বতীর উপবাস করা উচিত এবং পুজোর পরে প্রসাদ গ্রহণ করে তবেই খাওয়া উচিত।

6.এই দিনটি মনে কোনও খারাপ ধারণা আনবে না। বসন্ত পঞ্চমীর এই শুভ তিথিতে কাউকে কোনও খারাপ কথা বলা বা বড়দের আপত্তিজনক কথা বলা উচিত নয়।

7.এই দিনটি মাংস এবং অ্যালকোহল থেকে দূরে থাকুন। যেহেতু বসন্ত পঞ্চমী শুভ এবং জ্ঞানের দেবী হিসেবে মা পূজিত হন তাই দিন অত্যন্ত পবিত্র বলে বিবেচিত হয়। সুতরাং, এই দিনে মাংস এবং অ্যালকোহল থেকে দূরে থাকা উচিত।

Published on: Feb, 19 2023 10:55